

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণী সম্পদ কমিটির সেপ্টেম্বর/ ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

তারিখ : ২৭/০৯/২০২১ খ্রিঃ।

সময় : বেলা-১২.৩০ টা

স্থান : উপজেলা পরিষদ কার্যালয়, কালিয়া, নড়াইল।

সভাপতি : মোসাঃ সোহেলী পারভীন নিরী
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অত্র সভা কর্তৃক অনুমোদিত ও দৃষ্টিকরণ করা হয়। তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ উপজেলা পরিষদের সভায় উপস্থাপনযোগ্য বিষয় সমূহ সুপারিশ আকারে উপস্থাপন করার বিষয়ে গুরুত্বারোপ করেন।

১। এন্টিবায়োটিক রেসিডিউমুক্ত নিরাপদ দুধ, ডিম, মাংস উৎপাদনের লক্ষ্যে খামার ব্যবস্থাপনা বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ: সভায় উপস্থিত উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, তাঁর দপ্তরের মাধ্যমে উপজেলার মানুষের নিরাপদ প্রানিজ প্রোটিন সরবরাহের নিমিত্তে খামারীদের দক্ষতা উন্নয়নের জন্য এন্টিবায়োটিক রেসিডিউমুক্ত নিরাপদ দুধ, ডিম, মাংস উৎপাদনের লক্ষ্যে খামার ব্যবস্থাপনা বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ করা দরকার। এ অবস্থায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় উক্ত প্রশিক্ষণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে সুপারিশ করা হয়।

২। আধুনিক প্রযুক্তিতে উত্তম মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ : সভায় উপস্থিত উপজেলা মৎস্য অফিসার, কালিয়া নড়াইল জানান যে, প্রান্তিক মৎস্য আধুনিক প্রযুক্তিতে চাষীদের উত্তম মৎস্য চাষ খুবই লাভজনক। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ অবস্থায় উক্ত প্রশিক্ষণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে সুপারিশ করা হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ সোহেলী পারভীন নিরী)
সভাপতি

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণী সম্পদ কমিটি
ও

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

তারিখ : ২৭/০৯/২০২১ খ্রিঃ।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০০.০০০.০০.২১-১৭৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

০২। জনাব।

(ডা: কবীর উদ্দীন আহমেদ)
সদস্য সচিব

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণী সম্পদ কমিটি
ও

উপজেলা প্রাণিসম্পদ অফিসার
কালিয়া, নড়াইল।